



# নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা

Web-site www.ecs.gov.bd

নং- ১৭.০০.০০০০.০৩৯.৮০.০০১.১০.৩৬৪

তারিখঃ ০২ আগস্ট ২০১২

## সংবাদ বিজ্ঞপ্তি

**বিষয়ঃ** নাগরিক সেবা প্রদান সংক্রান্ত বিভিন্ন কাজে জাতীয় পরিচয়পত্র বাধ্যতামূলক না করা প্রসংগে।


জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০ (২০১০ সনের ৩ নং আইন) এর ধারা ১১ কতিপয় সেবা গ্রহণে জাতীয় পরিচয়পত্র প্রদর্শন—সম্পর্কে আইনটি নিম্নরূপ :

“(১) সরকার, সরকারী গেজেটে এবং তদতিরিক্ত ঐচ্ছিকভাবে ইলেকট্রনিক গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উহাতে উল্লিখিত যে কোন সেবা বা নাগরিক সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে, নাগরিকগণকে জাতীয় পরিচয়পত্র প্রদর্শন ও উহার অনুলিপি দাখিলের ব্যবস্থা চালু করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, বাংলাদেশের সমগ্র এলাকায় সাধারণভাবে নাগরিকগণের অনুকূলে জাতীয় পরিচয়পত্র প্রদান কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত এইরূপ প্রজ্ঞাপন জারী বা ব্যবস্থা চালু করা যাইবে না।”

উপর্যুক্ত প্রজ্ঞাপন জারী না করা পর্যন্ত, জাতীয় পরিচয়পত্র প্রদর্শন, কিংবা ক্ষেত্রমত, জাতীয় পরিচয়পত্রের অনুলিপি দাখিল করার জন্য কোন নাগরিককে বাধ্য করা যাইবে না এবং জাতীয়পত্র না থাকিবার কারণে কোন নাগরিককে নাগরিক সুবিধা বা সেবা পাইবার অধিকার হইতে বঞ্চিত করা যাইবে না।

২। এমতাবস্থায়, এই মর্মে সংশ্লিষ্ট সবাইকে অবহিত করা যাচ্ছে যে, নির্বাচন কমিশন বা সরকার জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০ (২০১০ সনের ৩নং আইন) এর ধারা ১১(১) অনুযায়ী সরকারি গেজেটে নাগরিক সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র প্রদর্শন করার জন্য বলা যেতে পারে কিন্তু তা বাধ্যতামূলক করা হয়নি।

  
এস এম আসাদুজ্জামান  
পরিচালক (জনসংযোগ)  
ফোন : ৮১১৪১৭৬ (অফিস)  
৮০৫৩৪৭৬ (বাসা)